

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২৩, ২০২৩

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

আইনগত বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অদ্য ১৫-০৫-২০২২ইং M/S. S.B. ASSOCIATE, রেজিস্ট্রেশন নাম্বার-P-31237 তারিখের সভায় অংশীদারি ফার্মের ব্যবস্থাপনা অংশীদার জনাব মোঃ শাহেদ কামাল সভাপতিত্ব করেন। সভায় সকল অংশীদার এর মধ্যে বিশদ আলোচনার পর সকলের সম্মতিক্রমে অত্র অংশীদারি ফার্মের অংশীদার মোঃ সাইদুর রহমান নানান অসুবিধার কারণে মালিকানা/স্বত্ব পাওনা প্রাপ্তি সাপেক্ষে ২০% শেয়ার এর মধ্যে এম. এস সারোয়ার ভূইয়াকে ১৩% এবং মোঃ শাহেদ কামালকে ৭% শেয়ার হস্তান্তর করেন। অপর অংশীদার শেখ আব্দুল্লাহ রাজু তার নানান অসুবিধার কারণে মালিকানা/স্বত্ব পাওনা প্রাপ্তি সাপেক্ষে ২০% শেয়ার এর মধ্যে মোঃ আনোয়ারুল হক মোল্লাকে ১৩% এবং মোঃ শাহেদ কামাল এর নিকট ৭% শেয়ার হস্তান্তর করেন। যাহা সকল অংশীদার কর্তৃক অনুমোদিত ও গৃহীত হয় এবং অদ্য ১৫-০৫-২০২২ইং হইতে উক্ত অংশীদারি ফার্মে মোঃ সাইদুর রহমান এবং শেখ আব্দুল্লাহ রাজু এর কোনো দায়-দায়িত্ব থাকিবেনা। উক্ত অংশীদারি ফার্মটি পুনঃগঠন (Reconstituted) করার সিদ্ধান্ত গ্রহণ করেন। নতুন লাভ-ক্ষতির অনুপাত জনাব মোঃ শাহেদ কামাল ৩৪%, মোঃ আনোয়ারুল হক মোল্লা ৩৩% এবং এম. এস সারোয়ার ভূইয়া ৩৩% হারে বণ্টিত হবে। বিদায়ী অংশীদারের সহিত কোনো প্রকার লেনদেন করিলে নিজ দায়িত্বে করিবেন, তাহাতে উক্ত প্রতিষ্ঠান দায়ী থাকিবে না। এছাড়া উক্ত পুনঃগঠন সম্পর্কে কারো কোনো আপত্তি বা পরামর্শ থাকিলে বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনেরো) দিনের মধ্যে ব্যবস্থাপনা অংশীদার মোঃ শাহেদ কামাল এর সহিত যোগাযোগ করিতে অনুরোধ করা হইল।

মোঃ শাহেদ কামাল

ব্যবস্থাপনা অংশীদার

M/S. S.B. ASSOCIATE.

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১২৯১)

মূল্য : টাকা ৪.০০